দৈনিক
আমাদের সময়

তারিখ ..25 APR 2016......
পৃষ্ঠা ...৫... কলাম ...৩......

# গাংনীতে শিক্ষকদের দুই গ্রুপে সংঘর্ষে আহত ১০

**ফারুক আহমেদ, গাংনী •**

চাঁদা উত্তোলন কেন্দ্র করে মেহেরপুরের গাংনীতে শিক্ষকদের দুই গ্রুপের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। সংঘর্ষে উভয় পক্ষের অন্তত ১০ শিক্ষক আহত হয়েছেন। আহতদের গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। এ ঘটনায় উভয় পক্ষের মধ্যে উত্তেজনা 'বিরাজ করছে। গতকাল রোববার বিকাল ৫টার দিকে গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের সামনে এ ঘটনা ঘটে। আহতরা হলেন শিক্ষক সমিতি প্যানেলের পারভেজ সাজ্জাদ রাজা, মাঝারুল ইসলাম, তানজিদুর রহমান মুক্তি ও জিয়াউর রহমান। আব্দুর রকিব প্যানেলের আহতরা হলেন ইমরান হোসেন, সেলিম হোসেন, বকুল, আমানুল্লাহ, গোলাম মোস্তফা ও আব্দুর রকিব।

চৌগাছা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আব্দুর রকিব জানান, প্রাথমিক বিদ্যালয়ের প্রশ্নপত্র প্রতি সেট ৩ টাকা করে নেওয়ার সিদ্ধান্ত দেয় শিক্ষা মন্ত্রণালয়। কিন্তু শিক্ষক সমিতির নামে অবৈধভাবে প্রতি সেট প্রশ্নপত্র ১ টাকা হারে বাড়তি চাঁদা উত্তোলন করা হচ্ছে। সাধারণ শিক্ষকরা চাঁদা উত্তোলনের বিরোধিতা করলে তাদের ওপর হামলা চালায় শিক্ষক সমিতির নেতাকর্মীরা।